

## এইচএসসিতে সাক্ষর

### কারাগারেও ওরা সফল

রাজশাহী ব্যুরো

বিভিন্ন মামলায় রাজশাহী কেন্দ্রীয় কারাগারে বন্দি অহিদুর পলাশ, যতিন ও রিপনসুহ ১৯ জন এবারের এইচএসসি পরীক্ষায় অংশ নেয়। এদের মধ্যে তিনজন বাদে সবাই কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হয়েছে।

কারাগারে বন্দি থেকেই রাজশাহী-১/১০১ কেন্দ্রের অধীনে এবারের এইচএসসি পরীক্ষায় অংশ নেয় তারা। এদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে নগরীর নিউ গড, ডিগ্রি কলেজের শিক্ষার্থী অহিদুল ইসলাম (হাজতি নং-১৮৮৩)। রাজশাহী বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক সামসুল কামার আজাদ এ তথ্য সিদ্ধান্ত করে জানান। বিভিন্ন মামলায় তারা কারাগারে বন্দি ছিল। নিয়ম মেনেই তারা অভ্যন্তরে পরীক্ষায় অংশ নেয় তারা।

উত্তীর্ণ বাকিদের মধ্যে আইডিয়াল কলেজের শিক্ষার্থী ইউনুস আহমেদ পলাশ (হাজতি নং-১০৭৯/এ) জিপিএ-৪.৭০, রাজশাহী সরকারি সিটি কলেজের শিক্ষার্থী আবদুল যতিন

সফল : পৃষ্ঠা ৭ : কলাম ৩

## সফল : ওরা

(৩য় পৃষ্ঠার পর)

(হাজতি নং-৭০৭১/এ) জিপিএ-৪.৬৭, একই কলেজের শিক্ষার্থী কাজিমুল ইসলাম (হাজতি নং-২১৭১/এ) জিপিএ-৪.০৮, বুদ্ধন আলী (হাজতি নং-১৮২৬/এ), মোহাম্মদ বিন সুলতান (হাজতি নং-৩৬৩৮/এ) ও সুজন আলী (হাজতি নং-৭৪৯৭/এ) জিপিএ-৪.০০, আবদুর রহিম (হাজতি নং-৩৫৯৫/এ) জিপিএ-৩.৭৫, শাহাবুর রহমান (হাজতি নং-৩৯৯১/এ) জিপিএ-৩.৬৭, জাহাঙ্গীর আলম (হাজতি নং-১৩২১/এ) জিপিএ-৩.৫৮, রিপন আলী (হাজতি নং-৪৭০৫/এ) জিপিএ-৩.৫০, মমতাজুর রহমান (হাজতি নং-৪০৪৪/এ), খোরশেদ বাবু (হাজতি নং-৪৫৮০/এ) ও নুরুন্নাহান (হাজতি নং-৪০৪৫/এ) জিপিএ-৩.৪২, শাব্বিন আহমেদ (হাজতি নং-২১১১/এ) জিপিএ-৩.৩৩ এবং আইডিয়াল কলেজের শিক্ষার্থী মেহেদী হাসান (হাজতি নং-৪৯৩/এ) জিপিএ-২.৪০ পেয়ে উত্তীর্ণ হয়েছে। তবে পরগনাদার কলেজের শিক্ষার্থী মোহাম্মদ মালেক (হাজতি নং-১২৯৫/এ), নগরীর বয়েড কলেজের শিক্ষার্থী জৈবায়ের আলী মোস্তারী (হাজতি নং-২৮১০/এ) এবং সরকারি সিটি কলেজের শিক্ষার্থী মাদনুর রশীদ (হাজতি নং-২২৭৩/এ) এক বিষয়ে ফেল করেছে।